ভোরের কাগজ

তারিখ 18 NOV 1998
পৃঃ ৪ কলাম ৭

14

খোলা চিঠি

# বিসিএস পরীক্ষার প্রশ্নপত্রে গুরুতর ভুল

গত ২৪ অক্টোবর' ৯৮ অনুষ্ঠিত বিশেষ বিসিএস (পশু চিকিৎসা) লিখিত নৈর্ব্যক্তিক পরীক্ষায় অনেক প্রশ্নে (সেট নম্বর ২) গুরুতর ভুল রয়েছে। প্রচলিত বহু নির্বাচনী পদ্ধতিতে প্রত্যেক প্রশ্নের নিচে চারটি উত্তর দেওয়া থাকে। একটি প্রশ্নের একটি মাত্র সঠিক উত্তর দিতে হয়। কিন্তু আলোচ্য পরীক্ষায় বহু প্রশ্নের একাধিক নির্ভুল উত্তর থাকায় পরীক্ষার্থীরা বিভ্রান্তির মধ্যে পড়ে। যেমন–৭০ নং প্রশ্নে রয়েছে, Elevation of SGPT is specific for the damage of -(ক) Kidney, (খ) Heart, (গ) Brain, (ঘ) Liver, এখানে (খ) এবং (ঘ) দুটিই নির্ভুল উত্তর। ৮৯ নং প্রশ্নে রয়েছে, গরুর আঠালীর আক্রমণের ইতিহাসসহ জ্বর, রক্তশূন্যতা ও হিমোগ্লোবিনোরিয়া। (ক) এনাপ্লাজমোসিস, (খ) বেবেসিওসিস, (গ) টিপেনোসোমিয়াসিস, (ঘ) থাইলেরিয়াসিস এখানে (খ) এবং (ঘ) দুটিই নির্ভুল উত্তর। অনুরূপ প্রশ্ন নং ৫: সঠিক উত্তর (গ) এবং (ঘ), প্রশ্ন নং ৯১: সঠিক উত্তর (ক) এবং (গ), প্রশ্ন নং ১১১: সঠিক উত্তর (ক) এবং (ঘ), প্রশ্ন নং ১২৩: সঠিক উত্তর (খ) এবং (গ), প্রশ্ন নং ১৩০: সঠিক উত্তর (খ) এবং (গ), প্রশ্ন নং ১৩৯ : সঠিক উত্তর (ক) এবং (ঘ)। এই অবস্থায় পরীক্ষার্থীরা কোন উত্তর বেছে নেবে?

এছাড়া কিছু কিছু প্রশ্নের সঠিক উত্তর দেওয়া নেই। যেমন – প্রশ্ন নং ৮০ : গাভীর Ketosis রোগ চিকিৎসায় সবচেয়ে কার্যকরী ওষুধ কোনটি? (ক) ক্লোরেল হাইড্রেট, (খ) টেস্টোস্টারন, (গ) করটিসোন এসিটেট, (ঘ) থাইরয়েড হরমোন। সঠিক উত্তর হবে Glucose of Propylene glycol যার উল্লেখ নেই। ক্লোরাল হাইড্রেট নার্ভাস উপসর্গ এবং করটিসোন এসিটেট মেটাবলিক রেট বাড়ার জন্য ব্যবহার করা হয়। আবার ১১৮ নং প্রশ্নে আছে Inactivated spore vaccine কোন রোগ প্রতিরোধকল্পে ব্যবহৃত হয়? (ক) এনথ্রাক্স (খ) ধনুষ্টংকার, (গ) হেমোরেজিক সেপ্টিসেমিয়া, (ঘ) ব্লাক কোয়াটার। অথচ উল্লিখিত কোনো রোগ প্রতিরোধে Inactivated spore vaccine ব্যবহার হয় না। এনথ্রাক্সের ক্ষেত্রে Live spore of avirulent strain, হেমোরেজিক সেপ্টিসেমিয়া ও ব্লাক কোয়াটারের ক্ষেত্রে Inactivated organisms এবং ধনুষ্টংকারের ক্ষেত্রে Inactivated toxoid ব্যবহৃত হয়। ১৪৮ নং প্রশ্নে ছিল The major component of rumen gas is - (ক) Nitrogen (খ) Hydrogen, (গ) Oxygen, (ঘ) Methane.

কিন্তু সঠিক উত্তর কার্বন ডাই–অক্সাইড যা থাকে ৬৬%, মিথেন ২৬%, নাইট্রোজেন ৬% এবং হাইড্রোজেন থাকে ০.১%।

এছাড়া কিছু কিছু বিভ্রান্তিমূলক প্রশ্নও রয়েরেছ। যেমন প্রশ্ন নং ১৪২ The pH of bovine blood is -(ক) 6.3 (খ) 7.0 (গ) 7.3 (ঘ) 7.9, প্রশ্ন নং ১৪৭ The normal value of neutrophil in cattle blood is— (ক) 15% (খ) 30% (গ) 45% (ঘ) 60%. উভয় প্রশ্নের উল্লেখকৃত উত্তর একটিও সঠিক নয়। কারণ পশুর দেহের রক্তের বিভিন্ন উপাদান এক মাত্রায় fixed অবস্থায় থাকে না সে কারণে এসব উপাদান range-এ প্রকাশ করা হয়। তাই গরুর রক্তের pH 7-8 এবং Neutrophil ১৫–৪৫% স্বাভাবিক ধরা হয়।

প্রশ্নের আরো কিছু অভিনবত্ব উল্লেখ করার মতো। যেমন— একই প্রশ্ন দুবার করা হয়েছে। উত্তরও একই। তবে পার্থক্য হলো একটি বাংলায় (প্রশ্ন নং ৩২) এবং ইংরেজিতে (প্রশ্ন নং ৮৬)। উল্লেখ্য, প্রশ্নপত্রটির ১৫০টি প্রশ্নের মধ্যে ৯২টি (১–৭৭, ১৩৬–১৫০) প্রশ্ন হয়েছে ইংরেজিতে এবং অবশিষ্ট ৫০টি (৭৮–১৩৫) প্রশ্ন করা হয়েছে বাংলায়। শুধু বাংলায় অথবা ইংরেজিতে প্রশ্ন করা যেতো নাকি?

এখন প্রশ্ন হলো বিসিএস পরীক্ষার মতো একটি গুরুত্বপূর্ণ পরীক্ষার প্রশ্নপত্রে এই দৈন্যদশা কেন? তড়িঘড়ি করে প্রশ্ন তৈরি হলেও এমন গুরুত্বপূর্ণ জাতীয় প্রতিষ্ঠানের পরীক্ষায় এতো বিভ্রান্তিকর প্রশ্ন কোনো ক্রমেই বাঞ্ছনীয় নয়।

প্রফেসর ড. এম. এ. সামাদ
ভেটেরিনারি মেডিসিন বিভাগ
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ।